

U.G. 5th Semester Examination - 2020**BENGALI****Course Code: BBNGCCHT502****Course Title: প্রবন্ধ ও সাহিত্য সংস্কৃতি বিষয়ক প্রবন্ধ রচনা**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$
- ক) ‘প্রবন্ধ’ শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ লেখো।
- খ) ইউরোপে লোকশিক্ষার প্রধান মাধ্যম কী?
- গ) ‘লোকশিক্ষা’ প্রবন্ধটি কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়?
- ঘ) শাক্য সিংহ কে?
- ঙ) ‘ব্যাপার বড় অল্প আশ্চর্য্য নহে’ — কোন্ ব্যাপারটি লেখকের কাছে আশ্চর্যের বলে মনে হয়েছে?
- চ) প্রমথ চৌধুরীর গদ্যরীতিকে কী নামে চিহ্নিত করা হয়?
- ছ) বাঙালি জাতির আদি উৎস ভাষা কী?
- জ) বারীন্দ্র কুমার ঘোষ কে ছিলেন?
- ঝ) কোন্ পত্রিকায় বাংলা ভাষার অঙ্গীভূত পোর্তুগিজ শব্দের ফর্দ প্রকাশ করা হয়েছিল?

[পরের পাতায়]

এও) আমাদের বাংলা ভাষার চিরকালে ‘ধর্ম’ কী?

ট) মেয়েলি ব্রত কাকে বলে?

ঠ) শাস্ত্রীয় ব্রতের অপরা নাম কী?

ড) উপাসনা ও ব্রতের মধ্যে পার্থক্য কী?

ঢ) ‘বাংলার ব্রত’র প্রাবন্ধিকের জন্মসালটি লেখো।

ণ) বৈদিক অনুষ্ঠান ও ব্রত অনুষ্ঠানের পার্থক্য কী?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) বঙ্কিমচন্দ্রের মতে ‘প্রকৃত শিক্ষা’ কাকে বলে?

খ) ‘সে শিক্ষা শিক্ষাই নহে এবং সে উপায়ে এ শিক্ষা সম্ভবও নহে!’ — ‘সে শিক্ষা’ এবং ‘এ শিক্ষা’ বলতে কী বোঝানো হয়েছে?

গ) লোককে শিক্ষিত করবার উপায় হিসাবে বঙ্কিমচন্দ্র কী বলেছেন?

ঘ) ‘ডিক্রি’ এবং ‘জারি’ শব্দদুটির মূল কোন্ ভাষার অন্তর্গত?

ঙ) অবনীন্দ্রনাথ ঠাকুর ব্রতকে হিন্দুধর্মের সুলভ সংস্করণ বলেছেন কেন?

চ) বৃষ্টির কামনা করে কোন্ ব্রত, কীভাবে পালন করা হয় লেখো।

ছ) ‘দেশানুশিষ্টং কুলধর্মগ্রং, সগোত্রধর্মং নহি সংত্যোজেচ্চ।’ — উক্তিটি কার? উক্তিটির বাংলা অর্থ লেখো।

জ) বাঙালি জাতি কোন্ কোন্ দিক দিয়ে সংকর বলে লেখক মনে করেছেন?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) সভ্যতার উন্নতি হওয়া সত্ত্বেও লোকশিক্ষার বিস্তার না হবার
কী কারণ বঙ্কিমচন্দ্র নির্দেশ করেছেন লেখো।

খ) নবাবী আমলে বাংলা ভাষায় বিদেশি শব্দের গ্রহণ এবং
আধুনিক কালে বাংলা ভাষায় বিদেশি শব্দের গ্রহণের মধ্যে
যে তফাৎ তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

গ) মেয়েলি ব্রতের অনুষ্ঠান প্রক্রিয়া সংক্ষেপে আলোচনা করো।

৪। যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো : $১০ \times ১ = ১০$

ক) বৈষ্ণব পদাবলী : চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী।

খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে রোমাণ্ড রাজসভার মুসলিম
কবিদের অবদান।

গ) ঔপন্যাসিক রবীন্দ্রনাথ।
